# পুণ্ড্র ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি

রংপুর রোড, গোকুল, বগুড়া

তারিখ: ১২.০৭.২০২৬ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

পুণ্ড্র ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি-এর বিভিন্ন বিভাগে একাডেমিক জনবল নিয়োগের লক্ষ্যে যোগ্য ও অভিজ্ঞ বাংলাদেশী (পুরুষ/মহিলা) নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহবান করা হচ্ছে।

| ক্রম. | পদের নাম | বিভাগ/বিষয় ও পদসংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | অধ্যাপক (স্থায়ী/চুক্তিভিত্তিক) | • ইংরেজি-১টি | (i) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি/সমমান ডিগ্রীসহ শিক্ষা জীবনে কমপক্ষে দুটি ১ম শ্রেণী/ বিভাগ/এ গ্রেড থাকতে হবে। তন্মধ্যে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রীর যে কোন একটিতে ১ম বিভাগ/শ্রেণি/এ গ্রেড থাকতে হবে। বিশ্ববিদ্যালয় বা সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে ১২ বছরের অভিজ্ঞতা তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে ০৫ বছরের অভিজ্ঞতা। কমপক্ষে ১৫টি প্রকাশনা যার মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে ৭টি। **অথবা,**<br>(ii) সংশ্লিষ্ট বিষয়ে এমফিল/সমমান ডিগ্রীসহ শিক্ষা জীবনে কমপক্ষে দু'টি ১ম শ্রেণী/ বিভাগ/এ গ্রেড থাকতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে মোট ১৮ বছরের অভিজ্ঞতা; তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে ৬ বছরের অভিজ্ঞতা। কমপক্ষে ৫টি প্রকাশনা থাকতে হবে; তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে ৭টি। **অথবা,**<br>(iii) সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী। ন্যূনতম ৩টি ১ম শ্রেণি/বিভাগ/এ গ্রেড থাকতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে মোট ২০ বছরের অভিজ্ঞতা তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে ৭ বছরের অভিজ্ঞতা। কমপক্ষে ১৫টি প্রকাশনা থাকতে হবে। তন্মধ্যে ৭টি সহকারী অধ্যাপক হিসেবে। |
| ২. | প্রভাষক | • ম্যানেজমেন্ট/এইচআরএম-২<br>• হিসাববিজ্ঞান-১<br>• আইন-২টি<br>• ইংরেজি-১টি | প্রার্থীকে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী এবং ন্যূনতম ৩টি ১ম বিভাগ/শ্রেণী/এ গ্রেড থাকতে হবে। |
| | | • সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ-১টি | প্রার্থীকে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছরের সম্মানসহ স্নাতক (৩/৪)/স্নাতকোত্তর ডিগ্রী এবং ন্যূনতম ৩টি ১ম বিভাগ/শ্রেণী/এ গ্রেড থাকতে হবে। তবে স্নাতকোত্তর প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |

**বিঃ দ্র. ঃ**

(১) এ গ্রেড=১ম বিভাগ (এসএসসি ও এইচএসসি'র ক্ষেত্রে জিপিএ-৫.০০ এর মধ্যে ৪.০০; অনার্স ও মাষ্টার্স এর ক্ষেত্রে সিজিপিএ-৪.০০ এর মধ্যে ৩.৫০ বোঝাবে। শুধুমাত্র প্রভাষক, ইংরেজি এর ক্ষেত্রে অনার্স ও মাষ্টার্স এর যে কোনো একটিতে সিজিপিএ-৪.০০ এর মধ্যে ৩.২৫ বোঝাবে।

(২) শিক্ষাগত যোগ্যতার কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী/সি-গ্রেড এবং পাশ কোর্স গ্রহণযোগ্য হবে না।

(৩) পিএইচ.ডি/এম.ফিল ডিগ্রীধারী প্রার্থী অগ্রাধিকার পাবেন।

**নির্দেশনা:**

- প্রার্থীকে কভার লেটারসহ নির্ধারিত CV Format অনুযায়ী পূর্ণাঙ্গ CV পূরণপূর্বক অথবা, তথ্য সম্বলিত CV আবেদনের সাথে সংযুক্ত করতে হবে (CV Format বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে Download করা যাবে)।
- প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, ট্রান্সক্রিপ্টস্, অভিজ্ঞতার সনদ, সদ্য তোলা তিন কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি, NID'র ফটোকপিসহ প্রয়োজনীয় ডকুমেন্ট সংযুক্ত করতে হবে।
- প্রার্থীকে যে কোন তফশীলভুক্ত ব্যাংক হতে ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার-এর মূলকপি সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ: ৩১.০৭.২০২৬ খ্রি.।
- ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার এর শিরোনাম: "পুণ্ড্র ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি"।
- আবেদনপত্র সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে জমা দেয়া যাবে।
- খামের উপর প্রার্থীত পদের নাম অবশ্যই স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।
- চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- অসম্পন্ন আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- সাক্ষাৎকারের জন্য প্রার্থীকে টিএ/ডিএ প্রদান করা হবে না।

**যোগাযোগ:**
মোবাইল: ০১৩১৩-৩৭৭০৭২, ০১৭১৮-১৯৮০৫৪
**ওয়েবসাইট:** www.pundrauniversity.ac.bd

রেজিস্ট্রার
পুণ্ড্র ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি।